কনকাঞ্জলি।

"কাব্যকুসুমাঞ্জলি"-রচয়িত্রী-
প্রণীত।

কলিকাতা,
২১০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ মেডিকেল লাইব্রেরী হইতে
শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়
কর্ত্তৃক প্রকাশিত।

তৃতীয় সংস্করণ।

সন ১৩২৮ সাল।

মূল্য ১৲ টাকা।] [ডাকমাশুল /১০ আনা।

কলিকাতা
২নং গোয়াবাগান ষ্ট্রীট ভিক্টোরিয়া প্রেস হইতে
শ্রীনরেন্দ্রনাথ কোঁঙার দ্বারা মুদ্রিত।

উৎসর্গ।

—০)*(০—

"নহ্যাহং ন প্রণয়ামি
স চ মাং ন প্রণয়তি।"

নিশার আঁধার কাটি
যখন তপন জাগে,
মলিন বসুধাখানি
হাসায় কাঞ্চনরাগে।
আকাশ, সমুদ্র, গিরি,
সবি সে সুবর্ণময়,
শ্মশানের ছাই ভস্ম,
তাও যে গো সোণা হয়!
তেমনি আঁধার বুকে
তোমার অমৃত নাম,
অনন্ত-আরাম-মাখা,
আনন্দ-আলোক-ধাম।

পরশমণির মত
ও পরশ সুধাময়,
দগ্ধ হৃদয়ের ছাই
তোমা ছুঁলে সোণা হয়।
জ্বলন্ত অঙ্গারগুলা
এনেছিনু "দিব" বলি,
ও চরণে দিতে, এ কি!—
হইল "কনকাঞ্জলি"!
আমি কি করিব প্রভো!
কি দোষ আমার তায়?
তোমার বাতাসে, ছাই—
কেন সোণা হ'য়ে যায়?

এস জ্ঞান-কর্ম্ম-ভক্তি !
এস ব্রহ্ম ! ব্রহ্মময়ি ! প্রাণে পূরে রাখি !
এস মাতা ! পিতা ! মম
ভাই ! বন্ধু ! প্রিয়তম !
কে জানে পূরিবে সাধ কি বলিয়া ডাকি ?—
এস সরবস্ব ধন !
জানি না তো আবাহন,
অনন্ত ব্রহ্মাণ্ড তোমা করে ডাকাডাকি,
আমি ভাবি, তুমি বুঝি আমারি একাকী ! !"
(কনকাঞ্জলি, আবাহন, ৮ পৃষ্ঠা)

শ্রীশ্রীতারা-মা'র চরণে সর্ব্বান্তঃকরণে প্রার্থনা করি যে, গ্রন্থ-কর্ত্রীর এই সকল মঙ্গলময়ী গাথা বঙ্গবাসীর গৃহে গৃহে কীর্ত্তিত হউক, এবং ইঁহার স্বর্গীয় প্রতিভার পুণ্যালোক লাভ করিয়া জীব-লোক পবিত্র হউক।

"কাব্যকুসুমাঞ্জলি" প্রকাশ করিবার পর, ইঁহার কৃত যতগুলি কবিতা পাইয়াছি, তাহার অধিকাংশই এই গ্রন্থে প্রকাশ করিলাম। গ্রন্থকর্ত্রী স্বকৃত যে সকল কবিতা অপাঠ্য বা অপ্রকাশ্য বিবেচনা করেন, সে সকল কবিতা অন্যের নিকট উপা-দেয় হইতে পারে। যিনি যাহা স্বীয় স্বাভাবিক শক্তি দ্বারা সহজেই লাভ করেন, তাহা তাঁহার নিকট তুচ্ছ বোধ হইলেও অন্যের নিকট বহুমূল্য বলিয়া সমাদৃত হইয়া থাকে (১)। ইতি।

কলিকাতা।
২৫, পটলডাঙ্গা ষ্ট্রীট।

শ্রীশ্রীতারা-মা'র
দাসানুদাস
শ্রীতারাকুমার শর্ম্মা।

(১) এই জন্যই, অনেকগুলি কবিতা প্রকাশ করা গ্রন্থকর্ত্রীর অনভিমত হইলেও আমি পরিত্যাগ করিতে পারি নাই।

দ্বিতীয়বারের বিজ্ঞাপন।

গ্রন্থকর্ত্রী স্বরচিত অনেকগুলি নূতন পদ্য এই কনকাঞ্জলিতে সংলগ্ন করিবার জন্য আমাকে দিয়াছেন। সে গুলি ইহাতে না দিয়া, স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশ করিব।

প্রকাশক।